

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
কর্মসংস্থান শাখা-৩  
প্রবাসী কল্যাণ ভবন  
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০৪৭.১১.১০৩.১৭. ৩৭

তারিখ : ২৪/০১/২০১৮

অফিস আদেশ

যেহেতু, রিক্রুটিং এজেন্সি মেসার্স মক্কা ওভারসীজ (আরএল-১১৭৫) এর আবেদনের প্রেক্ষিতে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' এর অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী জনশক্তি রপ্তানী কার্যক্রম পরিচালনার শর্তে আপনার এজেন্সির অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;

০২। যেহেতু, গত ২৯/১১/২০১৭ তারিখে আপনার এজেন্সির মাধ্যমে অবৈধভাবে জাল ট্যুরিস্ট ভিসায় মালদ্বীপ পাচারের সময় র্যাব-০৩ এর সহযোগিতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ৩২ (বত্রিশ) জন ভিকটিমকে উদ্ধার করা হয়।

০৩। যেহেতু, তাদের নিকট হতে মালদ্বীপের ট্যুরিস্ট ভিসা এবং মালদ্বীপে চাকুরীর জাল নিয়োগপত্র উদ্ধার করা হয় ;

০৪। যেহেতু, ভিকটিমদের নিকট হতে আপনার এজেন্সি চাকুরী দেয়ার নামে প্রত্যেকের নিকট থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করে চুক্তির বিনিময়ে ট্যুরিস্ট ভিসায় কর্মী হিসেবে মালদ্বীপ পাচারের চেষ্টা করে;

০৫। যেহেতু, ভ্রাম্যমান আদালত ভিকটিমদের দেয়া তথ্যের ভিত্তিতে এবং আইনের বিধান সম্পূর্ণভাবে প্রতিপালন করে এজেন্সির এমডি জনাব মোঃ শহিদুল ইসলাম স্বপন এবং তার ০২ (দুই) জন সহযোগীকে গ্রেফতার করে এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন-২০১৩ এর ৩৫ ধারায় প্রত্যেককে ০৬ (ছয়) মাসের কারাদন্ড ও নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা করে এবং অনাদায়ে আরও ০১ (এক) মাসের কারাদন্ড প্রদান করেন:

০৬। যেহেতু, রিক্রুটিং এজেন্সি কর্তৃক লাইসেন্সে আরোপিত শর্তাদি এবং বিদেশে কর্মী প্রেরণ প্রক্রিয়ায় প্রযোজ্য আইন ও বিধিমালা অনুসরণ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উক্ত এজেন্সি তা লঙ্ঘন করেছে;

০৭। সেহেতু, রিক্রুটিং এজেন্সি মেসার্স মক্কা ওভারসীজ (আরএল-১১৭৫) এর বর্ণিত অপরাধের কারণে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ১২ ও ১৮ অনুযায়ী রিক্রুটিং এজেন্সি মেসার্স মক্কা ওভারসীজ (আরএল-১১৭৫) এর লাইসেন্স নির্দেশক্রমে বাতিল এবং সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হ'ল।

(মোঃ আখতারুজ্জামান)

উপসচিব

ফোনঃ ৮৮০২৫৫১৩৮০৮০

ই-মেইল:dsemployment3@probashi.gov.bd

স্বত্বাধিকারী  
মেসার্স মক্কা ওভারসীজ  
১৬৭/৪, ডিআইটি এক্সটেনশন রোড  
ফকিরাপুল, মতিঝিল  
ঢাকা-১০০০।

চলমান পাতা-০২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (ঢাকাস্থ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাস সমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।
- ০৫। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন, সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাসসমূহ।
- ০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৭। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৮। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সর্ভাপতি, বায়রা, ১৩০, নিউ, ইস্কাটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। অফিস কপি।